

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চরভদ্রাসন, ফরিদপুর।
(www.unocharbhadrasan.gov.bd)


উপজেলা আইসিটি সমন্বয় কমিটির ফেব্রুয়ারি/২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ মেহেদী মোর্শেদ। উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।
সভার তারিখ ও সময়	: ২৯/০২/২০২৪ খ্রি, বেলা: ১১.৩০ ঘটিকা।
সভার স্থান	: উপজেলা পরিষদ সভাকক্ষ, চরভদ্রাসন, ফরিদপুর।
সভায় উপস্থিত ও অনুপস্থিত	: পরিশিষ্ট - ক ও খ।

সভাপতি স্বাস্থ্য বিধি মেনে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ও ২০৪১ সালে স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠায় তথ্য প্রযুক্তির ব্যাপক প্রসার ও ব্যবহারের উপর অধিকতর গুরুত্ব আরোপ করে দিক নির্দেশনামূলক ব্যক্তব্য দেয়া হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা, শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ব্যবহার ও নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়	১) সকল শিক্ষা প্রতিষ্ঠানে নতুন কারিকুলামে কন্টেন্ট প্রস্তুত করে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা করছে কিনা সে বিষয়ে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২) সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়মিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদনের অনুলিপি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। ২। সহকারী প্রোগ্রামার, চরভদ্রাসন, ফরিদপুর। ৩। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।
০২	চরভদ্রাসন উপজেলায় ই-নথি ব্যবস্থাপনা ও ডি-নথির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	যে সকল দপ্তরের ই-নথি ডি-নথিতে কনভার্ট হয়েছে তাদের সকল দাপ্তরিক কার্যক্রম শতভাগ ডি-নথির মাধ্যমে উপস্থাপন ও নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) সহকারী প্রোগ্রামার, চরভদ্রাসন, ফরিদপুর।
০৩	চরভদ্রাসন উপজেলার সকল সরকারি দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	সহকারী প্রোগ্রামার প্রতিমাসে নিয়মিতভাবে ১০টি কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) সহকারী প্রোগ্রামার, চরভদ্রাসন, ফরিদপুর।
০৪	ইউনিয়ন পর্যায়ে আইসিটি সভা আয়োজন নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ও কার্যবিবরণী প্রেরণ করার ব্যাপারে আলোচনা হয়।	ইউনিয়ন পর্যায়ে আইসিটি সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চরভদ্রাসন, ফরিদপুর
০৫	বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত: ক) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার	১) প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যক্তিগত কন্টেন্ট শেয়ার না করার জন্য সভায় সকলকে অনুরোধ করা হয়। ২) উপজেলার সকল দপ্তরে সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেইসবুক পেজে, ইউটিউবে) তাদের নিয়মিত কার্যক্রমসমূহ ছবিসহ তুলে ধরবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১) সকল দপ্তর প্রধান, চরভদ্রাসন, ফরিদপুর। ২) সহকারী প্রোগ্রামার, চরভদ্রাসন, ফরিদপুর।

অতঃপর সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশের স্বপ্ন সার্থক করতে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৭.২.২৪

(মোঃ মেহেদী মোর্শেদ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইসিটি সমন্বয় কমিটি


চরভদ্রাসন, ফরিদপুর।

স্মারক নং-০৫.১২.২৯২১.০০০.০৬.০০২.২৩- ৩৬৯

তারিখঃ ২৯/০২/২০২৪ খ্রি।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ফরিদপুর-০৪।
- ০২। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ০৩। পুলিশ সুপার, ফরিদপুর।
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
- ০৫। অধ্যক্ষ, চরভদ্রাসন সরকারি কলেজ, চরভদ্রাসন, ফরিদপুর।
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।
- ০৭। সহকারী কমিশনার (ভূমি), চরভদ্রাসন, ফরিদপুর।
- ০৮। অফিসার ইন-চার্জ, চরভদ্রাসন থানা, ফরিদপুর।
- ০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।
- ১০। উপজেলাঅফিসার (সকল), চরভদ্রাসন, ফরিদপুর।
- ১১। চেয়ারম্যান, চরহরিরামপুর/চরঝাউকান্দা/চরভদ্রাসন/গাজিরটেক ইউনিয়ন পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।
- ১২। প্রধান শিক্ষক/সুপার বিদ্যালয়/মাদরাসা, চরভদ্রাসন, ফরিদপুর।
- ১৩। সভাপতি, চরভদ্রাসন প্রেস ক্লাব/উপজেলা প্রেস ক্লাব, চরভদ্রাসন, ফরিদপুর।
- ১৪। জনাব.....চরভদ্রাসন, ফরিদপুর।
- ১৫। অফিস কপি।


২৭.২.২৪
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইসিটি সমন্বয় কমিটি

চরভদ্রাসন, ফরিদপুর।